/

# জেলা পরিষদ , ঢাকা

www.zpdhaka.gov.bd

অস্থায়ী কার্যালয়: সেক্টর নং ৬ , আজমপুর, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০

| শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি |
|---|

স্মারক নং- জে,প,ঢা-প্রঃউঃ২৯/শিক্ষা-৪/২০১৬-১৭/৬০৬ তারিখঃ ০৮/০৫/২৩ খ্রিঃ

## "শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তি"

ঢাকা জেলা পরিষদ হতে ২০২২ সালের এসএসসি/সমমান পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ (ঢাকা জেলার স্থায়ী বাসিন্দা) হয়ে বর্তমানে বাংলাদেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে এককালীন বৃত্তি প্রদানের জন্য নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

### শর্তাবলী

১. আবেদনকারীকে ২০২২ সালের এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে ন্যূনতম জিজিপিএ ৫.০০ পেয়ে এবং অন্যান্য বিভাগে জিপিএ ৫.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। মুক্তিযোদ্ধা কোটা, প্রতিবন্ধী ও অতি দরিদ্র প্রার্থীগণের ক্ষেত্রে সকল বিভাগে সর্বনিম্ন জিপিএ ৪.৫০ প্রাপ্তগণ আবেদন করতে পারবেন। নির্ধারিত জিপিএ এর কম জিপিএ প্রাপ্তগণ আবেদন করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে। সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নিয়মিত ছাত্র/ছাত্রী ব্যতীত আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।

২. আবেদনকারীকে বৃত্তির জন্য জেলা পরিষদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

৩. আবেদনকারীকর্তৃক বৃত্তির আবেদনপত্র সঠিকভাবে পূরণ করে বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের সুপারিশ ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ আগামী ৩০/০৫/২০২৩ তারিখের মধ্যে জেলা পরিষদ কার্যালয়, ঢাকায় অথবা নিজ নিজ উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর বাসিন্দাদের জেলা শিক্ষা অফিসার, শিক্ষা কমপ্লেক্স ভবন, মিরপুর-১, (সরকারি বাংলা কলেজসংলগ্ন) ঢাকার কার্যালয়ে জমা দিতে হবে। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ এবং জেলা শিক্ষা অফিসার, ঢাকা প্রাপ্ত আবেদনসমূহের তালিকা প্রস্তুত করে ঢাকা জেলা পরিষদে প্রেরণের ব্যবস্থা করবেন।

৪. আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করে দাখিল করতে হবেঃ

ক) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্টসাইজের ০২ (দুই) কপি ছবি (আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে)।

খ) এসএসসি/সমমান পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।

গ) ঢাকা জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত জন্ম সনদপত্র।

ঘ) পরিবারের বাৎসরিক আয়ের পরিমান উল্লেখ করে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত প্রত্যয়নপত্র।

ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণকে প্রমাণকস্বরূপ বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রদত্ত আবেদনকারীর পিতা/মাতা/দাদা-দাদী/নানা-নানীর মুক্তিযোদ্ধা বিষয়ক সনদপত্রের সত্যায়িত কপি এবং আবেদনকারী যে বীরমুক্তিযোদ্ধার পোষ্য তা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নকৃত থাকতে হবে।

চ) প্রতিবন্ধী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি।

৫. জেলা পরিষদ, ঢাকার কার্যালয়ের নোটিশবোর্ড/জেলার সকল উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের নোটিশবোর্ড/ঢাকা জেলা শিক্ষা অফিসার এর কার্যালয়ের নোটিশবোর্ডে আবেদন ফরমের নমুনা দেখা যাবে। জেলা পরিষদ, ঢাকার ওয়েব সাইট- www.zpdhaka.gov.bd থেকে আবেদন ফরম ডাউনলোড করে A4 সাইজের কাগজে প্রিন্ট করে দাখিল করা যাবে। A4 সাইজের কাগজে উক্ত ফরমের ফটোকপিতেও আবেদন গ্রহণযোগ্য হবে।

৬. নির্ধারিত সময়ের মধ্যে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে/সরাসরি (অফিস চলাকালীন) পূরণকৃত আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত কার্যালয়ে দাখিল করা যাবে।

৭. আবেদনকারী বর্তমানে কোন প্রতিষ্ঠানে অধ্যয়নরত না হলে তিনি বৃত্তি প্রাপ্তির জন্য যোগ্যবলে বিবেচিত হবেন না। ৩০/০৫/২০২৩ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টার পর কোন আবেদন গ্রহণযোগ্য নয়।

৮. বিস্তারিত তথ্যাদিঃ জেলা পরিষদ, ঢাকা এর কার্যালয় এবং ওয়েবসাইট- www.zpdhaka.gov.bd

৯. কর্তৃপক্ষ যে কোন শর্ত সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০. নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই বাছাইয়ের পরে যোগ্য প্রার্থীদের তালিকা জেলা পরিষদের নোটিশ বোর্ড/ওয়েবসাইটে প্রদর্শন করা হবে এবং উক্ত তালিকায় বৃত্তি প্রদানের সময় ও স্থান জানানো হবে।


মেহেদী হাসান
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ঢাকা।
ফোনঃ ০২-৫৮৯৫৪৫৩২ (অফিস)
ই-মেইল: zpdhaka@gmail.com


স্মারক নং- জে,প,ঢা-প্রঃউঃ২৯/শিক্ষা-৪/২০১৬-১৭/৩০৩/১(৩০) তারিখঃ ০৮.০৫.২৩ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতি/কাযার্থে:-

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩. চেয়ারম্যান, জেলা পরিষদ, ঢাকা।
৪. জেলা প্রশাসক, ঢাকা।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ..........................................................(সকল)।
৬. উপজেলা নির্বাহী অফিসার, .............................. (সকল) ঢাকা। আবেদন ফরমের নমুনাসহ বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শন এবং প্রাপ্ত আবেদনপত্রসমূহ আগামী ..................... খ্রিঃ তারিখের মধ্যে জেলা পরিষদ, ঢাকা কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করণের জন্য অনুরোধ জানানো হলো।
৭. মেয়র, .............................. (সকল), পৌরসভা, ঢাকা।
৮. জেলা শিক্ষা অফিসার, ঢাকা। আবেদন ফরমের নমুনাসহ বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শন এবং প্রাপ্ত আবেদনপত্রসমূহ আগামী ..................... খ্রিঃ তারিখের মধ্যে জেলা পরিষদ, ঢাকা কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করণের জন্য অনুরোধ জানানো হলো।
৯. সম্পাদক, দৈনিক বাংলাদেশ প্রতিদিন ও The Daily Obsever, ঢাকা। বর্ণিত বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় আগামী ১০/০৫/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ১০ ফন্টে ৩ কলাম আকারে ভিতরের পাতায় প্রকাশ করে ২ কপি পত্রিকাসহ বিল দাখিলের জন্য অনুরোধ জানানো হলো।
১০. অফিস নথি/নোটিশ বোর্ড/ফেইসবুক।


প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ঢাকা।